



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd



বিজ্ঞপ্তি

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৮.১১.০১৫.২০ (অংশ-১০)-২৫৪

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩২  
০১ জুলাই ২০২৬

**বিষয় : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত 'মৎস্য জরিপ কর্মকর্তা' পদের লিখিত পরীক্ষার ফলাফল।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত 'মৎস্য জরিপ কর্মকর্তা' পদে (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-২০৭, তারিখ: ২৩.১২.২০২১) সরাসরি নিয়োগের লক্ষ্যে গত ১০.০৫.২০২৬ খ্রি. তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীগণ সাময়িকভাবে (Provisionally) উত্তীর্ণ হয়েছেন :


000111 000204 000274 000288 000289 000336 000346 000403 000405 000451 000597 000638 000708 000716  
000733 000843 000927 000937 000946 000970 001020 001043 001053 001060 001125 001167 001176 001182  
001186 001200 001208 001252 001337 001362 001422 001577 001606 001682 001733 001751 001803 001885  
001994 200073 200116 200130 300052 300063 300077 400025 400027 400036 400078 500003 700048 700153  
800002 800011 800028 800063 800066 800069 800091 800110 Total=64 জন।

০২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র BPS Form-5A (Applicant's Copy) কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ আগামী ০৬.০৭.২০২৬ তারিখ থেকে ২১.০৭.২০২৬ তারিখ [প্রতি কর্মদিবসে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:৩০ টা] পর্যন্ত পরিচালক [ইউনিট-৮] বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর দপ্তরে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে :

- ক) BPS Form-5A (Applicant's Copy);
- খ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;
- গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
- ঘ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঙ) বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- চ) জাতীয় পরিচয়পত্রের [NID] সত্যায়িত কপি;
- ছ) নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
- জ) অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি;
- ঝ) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঞ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র;
- ট) সরকারি প্রতিষ্ঠানে চাকরির প্রার্থীদের ক্ষেত্রে বিপিএসসি কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঠ) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ড) কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরোত্তম সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসন প্রদত্ত সনদ, শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে] জমা দিতে হবে। কোটার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত গত ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর প্রজ্ঞাপন/পরিপত্র প্রযোজ্য হবে।

স্বাক্ষর

০৩. উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট এর উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং সরাসরি অথবা ডাকযোগে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে অথবা না পৌঁছালে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
০৪. প্রকাশিত ফলাফলে গুরুতর (Substantive) ত্রুটির কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।
০৫. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
০৬. মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি ও বিস্তারিত তথ্য পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে [www.bpsc.gov.bd] যথাসময়ে প্রকাশ করা হবে।



(দিলাওয়েজ দুরদানা)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)